

স্মারক নং- ২৫.৪৭.২২০০.০০০.৯৯.০৪১.২১/ ২৩৩

তারিখ : ১৬ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে নিবন্ধিত ডেভেলপার এর তালিকা প্রকাশ।

রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন ২০১০ (২০১০ সনের ৪৮ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৫) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত ডেভেলপারগণকে কে নিম্নবর্ণিত শর্তাধীনে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের অধীনে রিয়েল এস্টেট ডেভেলপার হিসাবে নিবন্ধন করা হইল।

ক্রম	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	মোবাইল ও ইমেইল	নিবন্ধন নং	নিবন্ধনের মেয়াদ
১	মেসার্স জিএনএন এন্ড এইচ বিল্ডার্স আলী আর্কেড(৪র্থ তলা), প্রধান সড়ক, কক্সবাজার।	সাহেদ সালাউদ্দিন এবং মোঃ হাবীব	01819-548482 engsahedcox@yahoo.com	CoxDA-8001	৩০ জুন ২০২৪
২	আর এফ বিল্ডার্স লিমিটেড সাতকানিয়া, চট্টগ্রাম	দেলোয়ার হোসেন	01919-325709 worldbeach13@gmail.com	CoxDA-8002	৩০ জুন ২০২৭
৩	কোরাল রীফ প্রপার্টিজ লিমিটেড ৯৪০, বাজারঘাটা, কোরাল রীফ প্রাজা, ৮ম তলা, কক্সবাজার।	মোঃ কামরান দিদার	01730-725250 bdcamran02@gmail.com	CoxDA-8003	৩০ জুন ২০২৭

শর্তাবলীঃ

- (১) কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন ২০১০ এবং রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ এর বিধান অনুযায়ী কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ বরাবরে আবেদন এবং কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।
- (২) রিয়েল এস্টেট উন্নয়ন প্রকল্প অনুমোদন, সংশোধন, নবায়ন ও লে-আউট প্ল্যান প্রণয়ন, বেসরকারী আবাসিক প্রকল্প অনুমোদন সংশ্লিষ্ট সকল কার্য সম্পাদনের ক্ষেত্রে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় কর্তৃপক্ষের নিকট অনুমোদন গ্রহণ ব্যতীত এই নিবন্ধন কোনরূপ উন্নয়ন বা নির্মাণ কাজের জন্য কোন বৈধ ক্ষমতা প্রদান করে না।
- (৩) প্রকল্পের অনুমোদন ব্যতীত প্রকল্প সংক্রান্ত কোন প্রকার কোন প্রকার বিজ্ঞাপন পত্র- পত্রিকায়, সাইন বোর্ড/বিল বোর্ড বা ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রদান/প্রচার-প্রচারণা চালানো যাবে না। এ ধরনের বিধি বহির্ভূত কার্যক্রম গ্রহণ করিলে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ অত্র নিবন্ধন বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে।
- (৪) নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক কক্সবাজার জেলার জন্য ২০১১-৩১ সাল মেয়াদে প্রণীত মান্টারপ্ল্যান, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নধীন কক্সবাজার জেলার মহাপরিকল্পনা, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন ২০০০, বেসরকারী আবাসিক প্রকল্পের ভূমি উন্নয়ন বিধিমালা ২০০৪, Bangladesh National Building Code 2020, ইমারত নির্মাণ আইন ১৯৫২, ইমারত নির্মাণ বিধিমালা ১৯৯৬, রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন ২০১০, রিয়েল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা বিধিমালা ২০১১ এবং অন্যান্য প্রযোজ্য আইন ও বিধি-বিধান অনুসরণ করে উন্নয়ন প্রকল্পের যাবতীয় কর্মকান্ড বাস্তবায়ন করিতে হইবে।



লে: কর্নেল (অব:) ফোরকান আহমদ

চেয়ারম্যান

কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ

দুরালাপনী : ০২-৩৩৪৪৬২৫২০

অনুলিপি:-

- ০১। সদস্য (প্রকৌশল), কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
- ০২। সচিব (উপসচিব), কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
- ০৩। অর্থরাইজড অফিসার, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
- ০৪। উপ-নগর পরিকল্পনাবিদ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
- ০৫। অফিস কপি/মান্টার ফাইল।